রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, নভেম্বর ১৪, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**চেয়ারম্যানের কার্যালয়**

**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২২ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ / ০৬ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর-৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৪.১৮-৪৯২—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক "গ্লাস এন্ড সিলিকেট" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০১৮ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত "গ্লাস এন্ড সিলিকেট" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**সৈয়দ আমিনুল ইসলাম**

চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

## “গ্লাস এন্ড সিলিকেট” শিল্প
## খসড়া সুপারিশ-২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ এর পত্র নম্বর ৪০.০০.০০০০.০১৬.০৩২.০১৩.১৬-১০, তারিখ : ১৮/০২/২০১৮ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক “গ্লাস এন্ড সিলিকেট” শিল্প সেক্টরে নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং ১৪/০১/২০১৮ খ্রিস্টাব্দ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস. আর. ও নং ২০-আইন/২০১৮ তারিখ: ০৭/০১/২০১৮) নিম্নতম মজুরী বোর্ডে “গ্লাস এন্ড সিলিকেট” শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড “গ্লাস এন্ড সিলিকেট” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ এর পত্র নং ৪০.০০.০০০০.০১৬. ০৩২.১৩.১৮-৫০, তারিখ : ১৪/০৮/২০১৮ খ্রিস্টাব্দ মূলে “গ্লাস এন্ড সিলিকেট” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের সময়সীমা ১৭/১১/২০১৮ খ্রিস্টাব্দ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ গাজীপুর জেলার শ্রীপুরে অবস্থিত নাসির গ্লাস ইন্ডাস্ট্রি লিমিটেড ও ঢাকা জেলার ডেমরায় অবস্থিত দি বেঙ্গল গ্লাস ওয়ার্কস লিমিটেড “গ্লাস এন্ড সিলিকেট” শিল্প সরেজমিনে পরিদর্শনকরত তথ্য উপাত্ত সংগ্রহ করেন। বোর্ড সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যের বোর্ডে দাখিলকৃত মজুরি প্রস্তাবসহ শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করেন। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক “গ্লাস এন্ড সিলিকেট” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল :

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার “গ্লাস এন্ড সিলিকেট” শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব থেকে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তফসিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোন শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্ট্যারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক", "খ" ও "গ" এ উল্লিখিত মজুরি সংশ্লিষ্ট শ্রমিকগণের মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরনভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১১। ''গ্লাস এন্ড সিলিকেট'' শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক প্রতি বৎসর মূল মজুরির ৫% বার্ষিক মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। শ্রমিকগণের কর্মঘণ্টা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী নির্ধারিত হইবে।

১৪। এই সুপারিশের কোন অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন/বিধি এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

**(সৈয়দ আমিনুল ইসলাম)**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

| | | |
|---|---|---|
| **(অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন)** | **(কাজী সাইফুদ্দীন আহমদ)** | **(ফজলুল হক মন্টু)** |
| নিরপেক্ষ সদস্য | মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য | শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য |

| | |
|---|---|
| **(খন্দকার গিয়াস উদ্দিন)** | **(শেখ তাজ উদ্দিন)** |
| সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য | সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য |

## তফসিল "ক"

## গ্লাস শিল্প প্রতিষ্ঠান

## শ্রমিক মজুরি

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **উচ্চতর দক্ষ :**<br>১। শিফট ইনচার্জ<br>২। এম,টি/এম,ও<br>৩। ফোরম্যান<br>৪। ব্লোয়ার<br>৫। জমাদার<br>৬। ফার্নেসম্যান<br>৭। ড্রাফ্টসম্যান<br>৮। সিনিয়র ফিটার<br>৯। লেদারম্যান/টার্নার<br>১০। সিএডি অপারেটর<br>১১। অপারেটর (আইএস)<br>১২। মাস্টার টেকনিশিয়ান<br>১৩। হাই স্কিল্ড টেকনিশিয়ান<br>১৪। জগ হ্যান্ডেল ফিটারম্যান<br>১৫। বয়লার মিস্ত্রী/বয়লার এটেনডেন্ট (ফার্স্ট ক্লাস)<br>১৬। উচ্চতর দক্ষ শ্রমিক/ সমমান (বিভিন্ন বিভাগ)। | বিভাগীয় ও জেলা শহর | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৬৫০০/- |
| | অন্যান্য এলাকা | ১০০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৫৫০০/- |

| শ্রমিক<br>পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **দক্ষ-১ :**<br>১। ফিটার<br>২। টার্নার | বিভাগীয় ও জেলা শহর | ৯১৭০/- | ৪৫৮৫/- | ১০০০/- | ৫০০/- | ১৫২৫৫/- |
| ৩। ব্লাকস্মিথ<br>৪। কার্পেন্টার<br>৫। প্রেসম্যান<br>৬। অপারেটর<br>৭। ওয়েল্ডার<br>৮। মিলিংম্যান<br>৯। মেকানিক<br>১০। রোলারম্যান<br>১১। সেপারম্যান<br>১২। জয়েন্ট ব্লোয়ার<br>১৩। হেড লেয়ার চেকার<br>১৪। মেশিনম্যান/মেশিনিস্ট<br>১৫। সহকারী ফোরম্যান/সমমান<br>১৬। কোয়ালিটি কন্ট্রোল ইন্সপেক্টর<br>১৭। সিনিয়র ইন্সট্রুমেন্ট টেকনিক্যাল<br>১৮। বয়লার মিস্ত্রী/বয়লার এটেনডেন্ট (সেকেন্ড ক্লাস)<br>১৯।এইচ,এস,টি/এইচ, এস, ও/সমমান (বিভিন্ন বিভাগ)। | অন্যান্য এলাকা | ৯১৭০/- | ৩৬৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১৪৩৩৮/- |

| শ্রমিক<br>পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **<u>দক্ষ-২ :</u>**<br>১। মেসন<br>২। ফায়ারম্যান<br>৩। ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান<br>৪। ওয়াটার পাইপ ফিটার<br>৫। বুশাওয়ালা/পোলিশম্যান<br>৬। বাবলার/বাবল্ মেকার<br>৭। প্রেস হ্যান্ডেলম্যান-১<br>৮। সেমি স্কিল্ড টেকনিশিয়ান-১<br>৯। এস,টি-১/এস,ও-১/ সমমান<br>১০। সিনিয়র লেয়ার চেকার/সমমান<br>১১। সহকারী শিফট ইনচার্জ/সহকারী জমাদার<br>১২। সহকারী ফিটার/ ওয়েল্ডার/টার্নার/ অপারেটর/সমমান (বিভিন্ন বিভাগ)। | বিভাগীয় ও জেলা শহর | ৮৩৪০/- | ৪১৭০/- | ১০০০/- | ৫০০/- | ১৪০১০/- |
| | অন্যান্য এলাকা | ৮৩৪০/- | ৩৩৩৬/- | ১০০০/- | ৫০০/- | ১৩১৭৬/- |

| শ্রমিক<br>পদবিন্যাস ও শ্রেণি<br>বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **<u>আধা-দক্ষ -১ :</u>**<br>১। মিল্টার<br>২। স্প্রেম্যান<br>৩। গ্রাইন্ডার<br>৪। চেকার<br>৫। কাঁচ ধোলাই<br>৬। প্রেসকুলার<br>৭। মেশিনকুলার<br>৮। বাবরীওয়ালা-১<br>৯। প্রেস হ্যান্ডেলম্যান-১<br>১০। হ্যান্ডেলওয়ালা<br>১১। মেসিন এয়ারম্যান<br>১২। আড্ডা কাটিংম্যান<br>১৩। জুনিয়র টেকনিশিয়ান<br>১৪। ডাইসম্যান/প্রেস ডাইসম্যান-১<br>১৫। চিমনি কাটিং/ জার কাটার<br>১৬। লেয়ার চেকার/ সমমানের<br>১৭। সেমি স্কিল্ড টেকনিশিয়ান-২<br>১৮। এস,টি-২/এস,ও-২/ সমমান (বিভিন্ন বিভাগ)। | বিভাগীয় ও জেলা শহর | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৫০০/- | ১২৭৫০/- |
| | অন্যান্য এলাকা | ৭৫০০/- | ৩০০০/- | ১০০০/- | ৫০০/- | ১২০০০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **<u>আধা-দক্ষ -২ :</u>**<br>১। ফিল্টার হেলপার | বিভাগীয় ও জেলা শহর | ৬১৭০/- | ৩০৮৫/- | ১০০০/- | ৫০০/- | ১০৭৫৫/- |
| ২। আড্ডা হেলপার<br>৩। সহকারী ওয়েল্ডার<br>৪। প্রেসম্যান হেলপার<br>৫। ফায়ারম্যান হেলপার<br>৬। কার্পেন্টার হেলপার<br>৭। মেশিনম্যান হেলপার<br>৮। সহকারী অপারেটর<br>৯। সহকারী সেপারম্যান<br>১০। সহকারী মিলিংম্যান<br>১১। জার গ্রাইন্ডার হেলপার<br>১২। সেমি স্কিল্ড টেকনিশিয়ান<br>১৩। ফাইলম্যান/ফিটার হেলপার<br>১৪। মোল্ডা হেলপার/ আড্ডা ডাইসম্যান<br>১৫। এস, এস, টি/এস, এস, ও/সমমান<br>১৬। আধা-দক্ষ শ্রমিকগণ/ সমমান (বিভিন্ন বিভাগ)। | অন্যান্য এলাকা | ৬১৭০/- | ২৪৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১০১৩৮/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **অদক্ষ :**<br>১। হুইয়াল<br>২। প্যাকার<br>৩। ব্রেকার<br>৪। যোগালী<br>৫। ঠান্ডাওয়ালা<br>৬। কোলীম্যান<br>৭। স্যান্ডওয়াসার<br>৮। বাবরীওয়ালা-২<br>৯। প্রেস ডাইসম্যান-২<br>১০। প্রেস হ্যান্ডেলম্যান-২<br>১১। ফায়ারম্যান হেলপার<br>১২। কেমিক্যাল মিক্সিং ম্যান<br>১৩। সাধারণ শ্রমিক/ হেলপার<br>১৪। অদক্ষ শ্রমিকগণ (ইউ এস ডব্লিউ)। | বিভাগীয় ও জেলা শহর | ৫০০০/- | ২৫০০/- | ১০০০/- | ৫০০/- | ৯০০০/- |
| | অন্যান্য এলাকা | ৫০০০/- | ২০০০/- | ১০০০/- | ৫০০/- | ৮৫০০/- |

- **শিক্ষানবিস :**

(ক) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৬৫০০/- ( ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।

(খ) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।

(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**তফসিল "খ"**
**সিলিকেট শিল্প প্রতিষ্ঠান**
**শ্রমিক মজুরি**

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **উচ্চতর দক্ষ :**<br>১। এম, টি/এম, ও<br>২। উচ্চতর দক্ষ শ্রমিক/ সমমান। | বিভাগীয় ও জেলা শহর | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৬৫০০/- |
| | অন্যান্য এলাকা | ১০০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৫৫০০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **দক্ষ-১ :**<br>১। স্কিল্ড শ্রমিক-১<br>২ এইস, এস, টি/ এইচ, এস, ও/ সমমান। | বিভাগীয় ও জেলা শহর | ৯১৭০/- | ৪৫৮৫/- | ১০০০/- | ৫০০/- | ১৫২৫৫/- |
| | অন্যান্য এলাকা | ৯১৭০/- | ৩৬৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১৪৩৩৮/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **দক্ষ-২ :**<br>১। সেমি স্কিল্ড টেকনিশিয়ান-১<br>২। এস, টি-১/এস, ও-১/সমমান। | বিভাগীয় ও জেলা শহর | ৮৩৪০/- | ৪১৭০/- | ১০০০/- | ৫০০/- | ১৪০১০/- |
| | অন্যান্য এলাকা | ৮৩৪০/- | ৩৩৩৬/- | ১০০০/- | ৫০০/- | ১৩১৭৬/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **আধা-দক্ষ -১ :**<br>১। সেমি স্কিল্ড টেকনিশিয়ান-২<br>২। এস,টি-২/এস, ও-২/সমমান। | বিভাগীয় ও জেলা শহর | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৫০০/- | ১২৭৫০/- |
| | অন্যান্য এলাকা | ৭৫০০/- | ৩০০০/- | ১০০০/- | ৫০০/- | ১২০০০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **আধা-দক্ষ -২ :**<br>১। এস, এস, টি/এস, এস, ও/সমমান<br>২। আধা-দক্ষ শ্রমিকগণ (বিভিন্ন বিভাগ/ সমমান)। | বিভাগীয় ও জেলা শহর | ৬১৭০/- | ৩০৮৫/- | ১০০০/- | ৫০০/- | ১০৭৫৫/- |
| | অন্যান্য এলাকা | ৬১৭০/- | ২৪৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১০১৩৮/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **অদক্ষ :**<br>১। সাধারণ শ্রমিক/ হেলপার<br>২। অদক্ষ শ্রমিকগণ/ ইউ এস ডব্লিউ। | বিভাগীয় ও জেলা শহর | ৫০০০/- | ২৫০০/- | ১০০০/- | ৫০০/- | ৯০০০/- |
| | অন্যান্য এলাকা | ৫০০০/- | ২০০০/- | ১০০০/- | ৫০০/- | ৮৫০০/- |

- **শিক্ষানবিস :**

(ক) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।

(খ) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।

(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**তফসিল “গ”**
**গ্লাস ও সিলিকেট শিল্প প্রতিষ্ঠান**
**কর্মচারি মজুরি**

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড- ১ :** ১। পার্সোনাল এ্যাসিস্ট্যান্ট ২। উচ্চমান সহকারী ৩। হিসাব রক্ষক ৪। সিনিয়র ক্লার্ক ৫। সুপারভাইজার ৬। ইলেকট্রিশিয়ান ৭। ড্রাইভার (হেভী লাইসেন্সপ্রাপ্ত) ৮। অটো মেকানিক ৯। অটো ইলেকট্রিশিয়ান। | বিভাগীয় ও জেলা শহর | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৬৫০০/- |
| | অন্যান্য এলাকা | ১০০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৫৫০০/- |
| **গ্রেড- ২ :** ১। ক্যাশিয়ার ২। স্টোর কিপার ৩। টাইম কিপার ৪। রেকর্ড কিপার ৫। স্কেল অপারেটর ৬। এক্সপোর্ট সহকারী ৭। সিকিউরিটি হাবিলদার ৮। অফিস সহকারী/ক্লার্ক ৯। সহকারী হিসাব রক্ষক ১০। টেলিফোন অপারেটর ১১। টাইপিস্ট/কম্পিউটার অপারেটর ১২। ড্রাইভার(মিডিয়াম/ লাইট লাইসেন্সপ্রাপ্ত) ১৩। জুনিয়র ইলেকট্রিশিয়ান | বিভাগীয় ও জেলা শহর | ৬৬৭০/- | ৩৩৩৫/- | ১০০০/- | ৫০০/- | ১১৫০৫/- |
| | অন্যান্য এলাকা | ৬৬৭০/- | ২৬৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১০৮৩৮/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **<u>গ্রেড- ৩ :</u>**<br>১। বাবুর্চী | বিভাগীয় ও জেলা শহর | ৫০০০/- | ২৫০০/- | ১০০০/- | ৫০০/- | ৯০০০/- |
| ২। সেলসম্যান<br>৩। রেকর্ড সর্টার<br>৪। ডেসপাসম্যান<br>৫। অটো হেলপার<br>৬। ক্লিনার/ঝাড়ুদার<br>৭। ডেলিভারীম্যান<br>৮। সহকারী স্টোর কিপার<br>৯। সহকারী টাইম কিপার<br>১০। সহকারী রেকর্ড কিপার<br>১১। সহকারী ইলেকট্রিশিয়ান<br>১২। পিয়ন/এম, এল, এস, এস<br>১৩। দারোয়ান/নিরাপত্তা প্রহরী/সিকিউরিটি গার্ড। | অন্যান্য এলাকা | ৫০০০/- | ২০০০/- | ১০০০/- | ৫০০/- | ৮৫০০/- |

- **শিক্ষানবিস :**

  (ক) শিক্ষানবিসীকাল ০৬ (ছয়) মাস।

  (খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।

  (গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd